গাংনীর বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা প্রতিবন্ধী বিদ্যালয়ে নিয়োগ বানিজ্যের অভিযোগ

গাংনীর বাঁশবাড়ীয়াতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধী বিদ্যালয়ের সভাপতি আনিচুর জামান লুইচের বিরুদ্ধে নিয়োগ বানিজ্যের অভিযোগ উঠেছে। তার এই নিয়োগ বানিজ্য ও দূনীতির কবল থেকে বিদ্যালয়টিকে বাচানোর জন্য উপজেলা নিবাহী অফিসারের নিকট দূূনীতির কবল থেকে বাঁচানোর জন্য আবেদন করলেন প্রধান শিক্ষক।

গত মঙ্গলবার বিকেলে গাংনী উপজেলা নির্বাহী অফিসার বরাবর এ অভিযোগ করেন প্রধান শিক্ষক মোছা: নাজমুন্নাহার (মুক্ত)।

লিখিত অভিযোগ সূত্রে জানা গেছে, বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আনিসুজামান লুইচ, বিভিন্ন সময়ে মোটা অংকের অর্থের বিনিময়ে শিক্ষক-শিক্ষিকা হিসেবে নিয়োগ দিচ্ছেন এবং নিয়োগের কোন কাগজপত্র সঠিকভাবে যাছাই-বাছাই করছে না। সঠিকভাবে সিদ্ধান্ত না নিয়ে প্রধান শিক্ষককে কোন প্রকার না জানিয়ে বিভিন্ন ব্যক্তিকে বিদ্যালয়ে নিয়ে এসে শিক্ষক-শিক্ষিকা বলে চালিয়ে দিচ্ছেন। প্রতিদিন সকাল হলেই একজন করে নতুন শিক্ষকের আগমন ঘটে। যা খুবই বির্বতকর।

তাছাড়া বিদ্যালয়ের আয়-ব্যায়ের কোন হিসেব দেয়না। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি রেজুলেশন খাতা বাড়ি নিয়ে রাখে। বিদ্যালয়ের হাজিরা স্বাক্ষরও তিনি নিয়ে রেখেছেন কোন শিক্ষকের হাজিরা খাতাও নেই। নিজের ইচ্ছামত বিদ্যালয়টি নিয়ে খেলছে, এটি একটি শিক্ষা প্রতিষ্ঠান কিন্তু উনার সে বিষয়ে মাথা ব্যথা নেই।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের আসা-যাওয়ার জন্য একটি গাড়ী ক্রয় করার জন্য টাকা তুলা হলেও সে টাকা গায়েব। তাহলে কি হচ্ছে বিষয়টি বুজতে না পেরে গত কয়েকদিন আগে আমি প্রধান শিক্ষক হিসেবে চিঠি দিয়ে বিদ্যালয়ে পরিচালনা পর্ষদের সভায় মিটিং কল করি। কিন্ত তারা অজানা কারণে কেউ হাজির হলেন না। তাদের ফোনেও যোগাযোগ করে কোন

প্রকার ব্যবস্থা হল না।

ফলে বাধ্য হয়ে আমি উপজেলা নির্বাহী অফিসার বরাবার অভিযোগ করি। এবং সুরাহা না হওয়া পর্যন্ত বিদ্যালয়ে তালা ঝুলিয়ে দেওয়া হয়েছে। আমার বাবার দেওয়া জমিতে বিদ্যালয়টি হচ্ছে। কিন্তু নিয়োগ প্রক্রিয়া শেষ না করে জমি রেজিষ্ট্রি করে দিতেও চাপ দিচ্ছে। বিষয়টি গ্রাম-বাসীর সাথে আলোচনা শেষে আমরা তালা মারার সিদ্ধান্ত নিয়েছি।

এদিকে সহকারী শিক্ষক শারমীন জানান, তাকে প্রথমে দুই লক্ষ টাকা নিয়ে সহকারী শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হয়। পরে আবারো সহকারী প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়ার জন্য আরো এক লক্ষ টাকা জরুরীভাবে দিতে বলে। তিনি অভিযোগ করেন পরে একজনের নিকট ৮ লক্ষ টাকা নিয়ে তাকে সহকারী প্রধান শিক্ষক হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে। বিষয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষকও জানেনা। কিভাবে নিয়োগ হল, কোথায় থেকে নিয়োগ হল কেউই জানেনা। তাই নিয়োগ-বানিজ্যে অতিষ্ট হয়ে প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকারা অভিযোগ করছেন বলে জানান।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব প্রতিবন্ধী বিদ্যালয়ের সভাপতি শেখ আনিসুজ্জামান (লুইস) সাথে যোগাযোগ করলে তিনি মেহেরপুর প্রতিদিনকে জানান আমি ঢাকায় আছি গাংনী আসার পরে কথা হবে সংবাদটি না লেখার জন্য বার বার অনুরোধ করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, বিদ্যালয়ের বিভিন্ন বিষয় নিয়ে আমাদের নিকট একটি অভিযোগ করা হয়েছে বিদ্যালয় কতিপক্ষের নিকট থেকে। আমরা বিষয়টি গুরুত্ব সহকারে দেখে তদন্তের জন্য শিক্ষা অফিসারের উপর দায়িত্ব দিয়েছি।

মেপ্র/ইএম

মেহেরপুরের দরবেশপুরে জোড়া

খুনের মামলায় আরো এক আসামি আটক

মেহেরপুর সদর উপজেলার দরবেশপুর গ্রামের রোকন ও হাসান নামের দুই চাচাত ভাই হত্যা মামলায় মতিউর রহমান নামের আরো এক আসামিকে আটক করা হয়েছে।

গতকাল বুধবার সকালের দিকে মেহেরপুর সদর থানার এস.আই আহসান হাবীব মতিউর রহমানকে আটক করেন। মতিউর রহমান নতুন দরবেশপুর গ্রামের ওয়াদত আলীর ছেলে।

২০১৯ সালের ১২ সেপ্টেম্বর রাতে মেহেরপুর সদর উপজেলার নতুন দরবেশপুর গ্রামে রোকন ও তার চাচাত ভাই হাসান কে শোলমারী বিলে মাছ পাহারা দেওয়ার সময় কুপিয়ে নিরর্মম ভাবে হত্যা করা হয়।

ওই ঘটনায় মামলা দায়েরের পর তদন্তকারী কর্মকর্তা মেহেরপুর সদর থানার এস আই আহসান হাবীব মোট ১০ জন আসামিকে আটক করেছেন।

আটক ব্যক্তিদের মধ্যে একাধিক ব্যক্তি আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। ওই মামলার সর্বশেষ আটক মতিউর রহমানকে গতকাল বুধবার বিকেলে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

মেপ্র/ইএম

গাংনীতে পুকুরে ডুবে শিশু কন্যার মৃত্যু

মেহেরপুরের গাংনী উপজেলার কুঞ্জনগর গ্রামে পুকুরে ডুবে মিষ্টি খাতুন (০৪) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। গতকাল বুধবার বিকেলে এঘটনা ঘটে। মিষ্টি খাতুন ওই গ্রামের আলসাধু চালক ইমদাদুল হকের মেয়ে।

স্থানীয়রা জানানা, মিষ্টি খাতুন খেলতে খেলতে পরিবারের চোখ ফাকি দিয়ে বাড়ির পাশর্^বর্তী একটি পুকুর ধারে যায়। দুপুরের দিকে কোন এক সময়ে পুকুরে পড়ে যায়।

পরে বিকেল চারটার দিকে পরিবারের লোকজন খোজাখুজির এক পর্যায়ে পুকুরে ভাসমান লাশ দেখতে পায়। পরে ঘটনাস্থলে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবায়দুর রহমান গিয়ে লাশ উদ্ধারের নির্দেশ দেন।

গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি ওবায়দুর রহমান জানান, শিশু কন্যা হারিয়েছে এমন সংবাদে গেলেও ঘটনাস্থলে গিয়ে দেখি পুকুরে শিশুটির লাশ ভাসমান। মরদেহ উদ্ধার করে কোন অভিযোগ না থাকায় পরিবারের নিকট হস্তান্তর করা হয়।

গাংনী পৌরসভার কর্মকর্তা কর্মচারীদের বিক্ষোভ, কর্মবিরতী

গাংনী পৌরসভার ৫ নং ওয়ার্ড কান্সিলর বাবলুর রহমানের বিরুদ্ধে লাঞ্ছিতর অভিযোগ তুলে বিক্ষোভ ও অবস্থান ধর্মঘট করে পৌরসভার কর্মকর্তা ও কর্মচারীরা।

বুধবার দুপুরে গাংনী পৌরসভার গেটে পৌর কর্মকর্তা কর্মচারিরা এ কর্মসূচী পালন করেন।

এ সময় পৌর মেয়র আশরাফুল ইসলামের সামনে আন্দোলনরত কর্মকর্তা কর্মচারিরা কাউন্সিলরদের বিরুদ্ধে আপত্তিকর শ্লোগান দিলে ৭ নং ওয়ার্ড কাউন্সিল বদরুল ইসলাম বুদু ও ৬ নং ওয়ার্ড কাউন্সিলর নবিরুদ্দিন প্রতিবাদ করেন।

মেহেরপুরের গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম সকলকে চ্যালেঞ্জ ছুড়ে

দিয়ে বলেছেন আমার কোন প্রকার দূর্নীতি যদি কেউ প্রমান করতে পারে তাহলে সাথে সাথে আমি আমার চেয়ার ছেড়ে দেব। এক পর্যায়ে কাউন্সিলররা মেয়র আশরাফুল ইসলামকে দায়ি করে অভিযোগ করে সাংবাদিকদের বলেন মেয়রের ইন্ধনে পৌর কর্মচারিরা আমাদের বিরুদ্ধে আপত্তিকর শ্লোগান দিয়েছে।

এ নিয়ে পৌর পরিষদের কর্মকর্তা কর্মচারি ও কাউন্সিলরদের মধ্যে বাকবিতন্ডা শুরু হয়। কাউন্সিলররা আন্দোলনের বিষয়ে পৌর মেয়রকে দায়ি করলে পৌর মেয়র আশরাফুল ইসলাম কাউন্সিলরদের অভিযোগ অস্বীকার করে বলেন তাদের বারবার মাসিক মিটিংএ ডাকলে তারা আসেননা। এদিকে কাউন্সিলররা অভিযোগ করে বলেন আজকে মাসিক মিটিং ছিল বলে এসেছি। কিন্তু মেয়র আশরাফুল ইসলাম মাসিক মিটিং বানচাল করার জন্য কর্মচারিদের ইন্ধন দিয়ে তাদেরকে দিয়ে অহেতুক আন্দোলন করাচ্ছেন।

এদিকে কাউন্সিলরদের অভিযোগ অস্বীকার করে পৌর মেয়র আশরাফুল ইসলাম বলেন আমার পৌর সভায় কোন প্রকার দূর্নীতি মেনে নেবনা আমি নিজেও তা করবনা। মেয়রের কথার প্রতিবাদ করে কাউন্সিলররা তার দূর্নীতির কথা সাংবাদিকদের সামনে তুলে ধরেন।

এ সময় ৬নং ওয়ার্ড কাউন্সিলর নবিরুদ্দিন,৭ নং ওয়ার্ডের কাউন্সিলর বদরুল ইসলাম বুদু, ৮নং ওয়ার্ড কাউন্সিলর সহিদুল ইসলাম, ৯নং ওয়ার্ড কাউন্সিলর ইনামুল হক, ২নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান,৪ নং ওয়ার্ড কাউন্সিলর আছেল উদ্দিন, ১,২,ও ৩ নং ওয়ার্ড এর মহিলা কাউন্সিলর ফিরোজা বেগম উপস্থিৎ থেকে পৌর মেয়র আশরাফুল ইসলামের নিয়োগ বানিজ্য নিয়ে দূর্নীতির কথা তুলে ধরে বলেন পৌর সভায় লোক নিয়োগ দেওয়া বলে অনেকের সাথে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছে।
কাউন্সিলর ইনামুল হক সাংবাদিকদের বলেন আমার ভাইয়ের ছেলেকে চাকুরি দেবে বলে প্রায় ৮লক্ষ টাকা নিয়েছে অথচ এখন পর্যন্ত কোন চাকুরি দেয়নি।

এছাড়া ২ নং ওয়ার্ড কাউন্সিলর মিজানুর রহমান বলেন, আমার ওয়ার্ডের বাহাদুর নামের এক বাসিন্দার মেয়েকে চাকুরি দেবে বলে অনেক আগে টাকা নিয়েছে অথচ চাকুরিতো দুরের কথা সেই টাকা চাইতে গেলে ভুক্তোভোগিকে আজকাল করে হয়রানি দিচ্ছে। পৌর মেয়রের বিরুদ্ধে নিয়োগ বানিজ্য নিয়ে আরও অভিযোগ রয়েছে বলে কাউন্সিলররা অভিযোগ করেন। তারা মেয়রের দূর্নীতির বিষয়ে প্রমাণ সহ সাংবাদিকদের আনুষ্ঠানিকভাবে প্রকাশ করবে বলে জানিয়েছেন।

৮নং ওয়ার্ডের কাউন্সিলর বিএনপি নেতা সহিদুল ইসলাম বলেন, পৌর মেয়র আশরাফুল ইসলাম মেয়র হওয়ার পর থেকে আওয়ামী লীগ সেজে আছে। আগে মেয়র আশরাফুল ইসলাম বিএনপি’র অর্থ বিষয়ক সম্পাদক ছিলেন। স্বতন্ত্র ভাবে পৌর ভোট করে পাশ করার পর তিনি আওয়ামী লীগ সেজে যুবলীগের নেতা দাবি করছেন।

এ ধরণের নানান অভিযোগ চলাকালে পৌর মেয়র আশরাফুল ইসলাম সে স্থান ত্যাগ করেন। পরে কাউন্সিলররা পৌরসভার সেবা দেওয়ার নামে যে অর্থ আদায় করা হয় তা অস্বাভাবিক হারে বৃদ্ধি করেছে বলে তারা অভিযোগ করেন।

কাউন্সিলর আছেল উদ্দিন বলেন ব্রিটিশরা যেমন নীল চাষ করত পৌরবাসিদের সেবার নামে যে কর আদায় করা হয় তা সেই নীল চাষের মতোই। পৌর মেয়র আশরাফুল ইসলাম নীল করদের মতো আচরণ করছে।

এ বিষয়ে কাউন্সিলররা উর্দ্ধতন মহলে জানাবেন এবং এর একটি সুরুহা দাবি করবেন বলে জানিয়েছেন।

মেপ্র/ইএম

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কৃল এন্ড কলেজে নবীন বরণ ও বিদায় সংবর্ধনা

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজে নবম শ্রেণীর শিক্ষার্থীদের নবীন বরণ, এসএসসি পরীক্ষার্থীদের বিদায় ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কলেজ ক্যাম্পাসে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ ফয়েজুল বারীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোঃ আতাউল গনি।

জেলা প্রশাসক মোঃ আতাউল গনি বলেন, সকল শিক্ষার্থীকে কারিগরি শিক্ষায় শিক্ষিত হতে হবে। হাতে কলমে কাজ না শিখলে চাকরি পাওয়া যাবে না। জেলা প্রশাসক আরো বলেন, বর্তমানে যারা হাতে কলমে কাজ শিখতে পারবে তারা কেউ বসে থাকবে না এবং বেকার থাকবে না।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাংবাদিক রফিকুল আলম, সি আই শামিমুল কবির, রঞ্জিত কুমার মন্ডল।

এর আগে জাতীয় সংগীতের সুরে অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অনুষ্ঠানে নবীনদের কে ফুল দিয়ে বরণ করা হয় এবং তাদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়। একই সঙ্গে এসএসসি পরীক্ষার্থী পরীক্ষায় ব্যবহৃত উপকরণ তুলে দেওয়া হয়।

মেপ্র/ ইএম

বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি মেহেরপুর জেলা শাখার কর্মবিরতি

জেলা প্রশাসন সহ মাঠ প্রশাসনে কর্মরত কর্মচারীদের (গ্রেড ১৩-১৬)পদবী পরিবর্তন এবং বেতন গ্রেড উন্নতি করনের দাবিতে বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি বাকাসস মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ৪ ঘণ্টা কর্মবিরতি পালন করা হয়েছে।

বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে এ কর্মবিরতি পালন করা হয়। বাকাসপের মেহেরপুর জেলার নেতা মিজানুর রহমান নিজাম, মাসুদ রানা তৌহিদুল ইসলাম, আজগর আলী সহঅন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

আরো পড়ুন –মুজিবনগরে সেই অসহায় মাকে শাড়ি কিনে দিলেন তথ্য আপা

মেহেরপুরে বঙ্গবন্ধু জাতীয় চ্যাম্পিয়নশিপ ফুটবল টর্নামেন্ট

মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সহযোগীতায় বঙ্গবন্ধু জাতীয় চ্যাম্পিয়নশিপ ফুটবল টর্নামেন্ট ২০২০ এর উদ্বোধন করা হয়েছে।
মঙ্গলবার বিকালে মেহেরপুর স্টেডিয়ামে উদ্বোধন করেন মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলী।
অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ইবাদত হোসেন, মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি আব্দুস সামাদ বাবলু বিশ্বাস, চুয়াডাঙ্গা ফুটবল এসোসিয়েশনের সহ-সভাপতি ইমরান হোসেন, রেজাউল হক জোয়ার্দ্দার বাকুফে প্রতিনিধি শহিদুল ইসলাম বাদশা।
উদ্বোধনী খেলায় চুয়াডাঙ্গা ১-০ গোলে মেহেরপুরকে পরাজিত করে। বিজয়ী দলের তরুণ জয়সূচক গোল করেন।

খেলাটি পরিচালনা করেন পার্থ প্রতিম। তাকে সহযোগীতা করেন কামাল ও জুনায়িদ। মেহেরপুর এবং চুয়াডাঙ্গার বিপুল সংখ্যক দর্শক খেলাটি উপভোগ করেন।

মেপ্র/ইএম

মেহেরপুরে কৃষকদের মাঝে সাড়া জাগিয়েছে কাশ্মিরী আপেল কুল চাষ

গতানুগতিক আবাদ থেকে লাভবান না হওয়ায় ফরিদ উদ্দীন নামের এক কৃষকের সম্ভাবনাময়ী কাশ্মিরী কুল চাষে সাড়া ফেলেছে মেহেরপুরের গাংনীর চাষিদের মাঝে। দেখতে সুন্দর, সু-স্বাদু ও অধিক উৎপাদনশীল এই কাশ্মিরী কুল চাষ শুধু চাষী নয় বেকার যুবকদেরও হতে পারে কর্মসংস্থানের ব্যবস্থা।

ইতোমধ্যে এলাকার কৃষক ও যুবকেরা কুল চাষের পরামর্শ নিচ্ছেন বলে জানিয়েছেন গাংনী উপজেলা কৃষি অফিস। গতানুগতিক আবাদ থেকে ফিরে নতুন চাষে লাভবান হবে বলে আশায় বুক বেধেছেন জেলার অনেক কৃষক।

কুল চাষের বিষয়ে জানতে চাইলে জানা গেছে,বছর পাঁচেক আগের কথা। মেহেরপুর জেলার গাংনী উপজেলার যুগিন্দা গ্রামের ব্যবসায়ি ফরিদ উদ্দীন তার ব্যবসায় একের পর এক লোকশান গুনছিলেন। স্থানীয় কৃষি অফিসের পরামর্শে তিনি শুরু করেন পেঁয়ারা চাষ। এতে কিছুটা লাভবান হলেও ফল চাষের উপর ঝুঁকে পড়েন তিনি।

গেল বছর তিনি পরীক্ষামূলক কাশ্মিরী কুল চাষ শুরু করেন। এক বিঘা জমিতে কুল চাষে খরচ হয় চল্লিশ থেকে পঞ্চাশ হাজার টাকা। ওই কুল বিক্রি করেন প্রায় এক লাখ টাকা। উৎপাদন খরচের দ্বিগুন লাভ হওয়ায় চলতি বছরে তিনি পাঁচ বিঘা জমিতে কুল চাষ শুরু করেন।

প্রতিটি গাছে থোকায় থোকায় লাল ও বাদামী রঙয়ের কুল শোভা পাচ্ছে। প্রাকৃতিক দুর্যোগ না থাকলে এবং সঠিক ভাবে বাজারজাত করতে পারলে এবার তিনি পাঁচ লক্ষাধিক টাকা আয় করবেন বলে আশাবাদী।

এদিকে কুল চাষসহ নানা ফল চাষে চাষিদের বিভিন্ন ভাবে পরামর্শ দিয়ে যাচ্ছেন স্থানীয় এনজিও সংস্থা পিএসকেএস এর কৃষি ইউনিট বিভাগ। পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির কৃষি ইউনিট বিভাগ বিভিন্ন সময় বিভিন্ন ভাবে মাঠ দিবসের মাধ্যমে কৃষকদের পরামর্শ দিয়ে উদ্বুদ্ধ করছেন বলেও জানান স্থানীয় কুষক।

কাশ্মিরী কুল চাষি জুগিন্দা গ্রামের ফরিদ উদ্দীন জানান, থোকায়

ধোকায় যে কুল দোল খাচ্ছে সেটি শুধু তারই নয় এলাকার শিক্ষিত ও বেকার যুবকদের কর্ম সংস্থানের দ্বার উন্মোচনে আশা যোগাচ্ছে।

ধন মিয়ার সফলতা দেখে এ বছর প্রায় চাষী উৎসাহিত হয়ে প্রায় পনের বিঘা জমিতে এ কুল চাষ করেছে। তবে তারা এ বছর লাভবান হলে পরের বছর কৃষকের সংখ্যা আরো বাড়তে পারে।

স্থানীয় অন্য এক চাষি আল আমিন হোসেন জানান, তিনি খোজ নিয়ে ফরিদ এর কুল বাগান দেখতে এসেছেন। তিনি পরামর্শ ও কুৃলের চারা সংগ্রহ করে কাশ্মিরি কুলের আবাদ করবেন।

শুধু আল আমিন হোসেন নয়, এলাকার অনেক বেকার যুবকেরা কুল চাষে আগ্রহী হয়ে উঠছেন। কুল চাষে আগ্রহী করতে ফরিদ হোসেন সকলকে পরামর্শ দিয়ে আসছেন।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কে এম শাহাবুদ্দিন জানান, অপার সম্ভাবনাময়ী এ কুল চাষ অত্যান্ত লাভজনক। স্বল্প পরিশরে ও স্বল্প খরচে অনেক লাভ করা সম্ভব তাছাড়া এ কুলে পোড়া মাকড়ের আক্রমন নেই তাই কোন প্রকার কীটনাশকের ব্যবহারও হয়না । এতে স্বাস্থ্য ঝুঁকিও নেই।

মেপ্র/ আরপি

মেহেরপুরে প্রশাসনের কর্মচারীদের পদবী পরিবর্তনের দাবিতে কর্মবিরতি অব্যহত

জেলা প্রশাসন সহ মাঠ প্রশাসনে কর্মরত কর্মচারীদের (গ্রেড ১৩-১৬)পদবী পরিবর্তন এবং বেতন গ্রেড উন্নতি করনের দাবিতে বাংলাদেশ কালেক্টরেট সহকারী সমিতি বাকাসস মেহেরপুর জেলা শাখার উদ্যোগে ৩ ঘণ্টা কর্মবিরতি পালন করা হয়েছে।

মঙ্গল বার সকালে মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে এ কর্মবিরতি পালন

করা হয়।

বাকাসাসের মেহেরপুর জেলার নেতা আফতাব আলী খান, নিজাম উদ্দিন, রফিকুল ইসলাম, রানা সহ অন্যান্য কর্মকর্তারা অংশগ্রহণ করেন।

মেহেরপুরে বাসি-পঁচা মাংস বিক্রি করায় ব্যবসায়ীর ১০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর শহরের বড়বাজারে বাসি- পঁচা মাংস বিক্রি করার দায়ে মাংস বিক্রেতা শুকুর আলীর কাছে থেকে ১০ হাজার টাকা জরিমানা আদায় করেছে ভ্রাম্যমাণ আদালত । একই সঙ্গে সমস্ত পচা মাংস জব্দ করে বিনষ্ট করে নির্দেশ দেওয়া হয়।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মহিদুল ইসলাম এ আদালত পরিচালনা করেন।

দন্ডিত শুকুর আলী মেহেরপুর শহরের চক্করপাড়ার মকবুল হোসেনের ছেলে।

জানা গেছে, একজন ক্রেতা বড় বাজারের মাংস বিক্রেতা শুকুর আলীর কাছ থেকে গরুর মাংস কিনে নিয়ে যাই। ওই মাংস পঁচা গন্ধ দুর্গন্ধ বের হলে তিনি মাংস বিক্রেতাকে চ্যালেঞ্জ করেন। এসময় পৌরসভার স্যানিটারী ইন্সপেক্টর মনিরুল ইসলাম মাংস পরীক্ষা-নিরীক্ষা করে দেখেন মাংস দিয়ে পচা দুর্গন্ধ বের হচ্ছে।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ভোক্তা অধিকার সংরক্ষণ ২০০৯ আইন ৯ এর ৬১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

মেপ্র/ইএম